গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
আবহাওয়া ভবন
ই-২৪, আগারগাঁও, ঢাকা- ১২০৭
www.bmd.gov.bd

নম্বর- ২৩.০৯.০০০০.১২৭.৩৫.০৭০.১৪. ৮০৬২

তারিখ: ০৬ কার্তিক ১৪৩০
১৯ অক্টোবর ২০২৩

# অফিস আদেশ

যেহেতু, আপনি জনাব মুঃ তারেক আজিজ, সহকারী-কে অত্র অধিদপ্তরের ১৩ জানুয়ারি ২০২২ তারিখের ২৩.০৯.০০০০.১২৭.১৯. ০০১.২১.২৪৬ সংখ্যক পত্রের মাধ্যমে সরকারি কাজের স্বার্থে নির্ভরশীল আবহাওয়া কার্যালয়, কক্সবাজার বদলি/পদায়ন করা হয়, উক্ত আদেশে ১৮ জানুয়ারি ২০২২ তারিখে বর্তমান কর্মস্থল হতে স্বয়ংক্রিয় বিমোচিত হয়ে যথাসময়ে বদলীকৃত কর্মস্থলে যোগদান না করায় এ অধিদপ্তরের ০১ মার্চ ২০২২ তারিখে ২৩.০৯.০০০০.১২৭.১৯.০০১.২২.১৩১৫ সংখ্যক পত্রের মাধ্যমে বদলি/পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; উক্ত নির্দেশের প্রেক্ষিতে পদায়নকৃত কর্মস্থলে যোগদান না করায় এ অধিদপ্তরের ১০ এপ্রিল ২০২২ তারিখে ২৩.০৯.০০০০.১২৭.১৯.০০১.২২.২১৮৭ সংখ্যক পত্রের মাধ্যমে ৭(সাত) কর্মদিবসের মধ্যে কর্মস্থলে যোগদানের জন্য ব্যক্তিগত ই-মেইল: babuaziz86@gmail.com এবং ডাকযোগে রেজিঃ/এডি করে স্থায়ী ঠিকানায় পত্র প্রেরণ করা হয়, যা আপনি ২০-০৪-২০২২ তারিখে গ্রহণ করেও যোগদান না করে ডাক্তারী ব্যবস্থাপত্র পেশ করে শারীরিক ও মানসিক অসুস্থতার কারণ উল্লেখ করত কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

২। যেহেতু, আপনি ডাক্তারী ব্যবস্থাপত্র পেশ করে কর্মস্থলে অনুপস্থিত থাকায় শারীরিক ও মানসিক অসুস্থতার কারণে অফিসিয়াল কাজ করতে সক্ষম কী না তা পরীক্ষা নিরীক্ষা করার জন্য এ অধিদপ্তরের ০৯ মে ২০২২ তারিখের ২৩.০৯.০০০০.১২৭.৩৫.০৭০.১৪.২৭৩৯ সংখ্যক পত্রের মাধ্যমে সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ-কে পত্র দেয়া হয়, সিভিল সার্জনের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ গত ০৩ জুলাই ২০২২ তারিখের ২৪০৫ সংখ্যক স্মারকমূলে একটি মেডিক্যাল বোর্ড গঠন করে এবং উক্ত মেডিক্যাল বোর্ড ০৬ জুলাই ২০২২ তারিখে আপনাকে পরীক্ষা-নিরীক্ষা করত চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র পর্যালোচনা করে অফিসিয়াল কাজ করতে সক্ষম মর্মে মতামত দেন; উক্ত মতামতের পরও পদায়নকৃত কর্মস্থলে যোগদান না করে অনুপস্থিত থেকে সরকারি কাজে বিঘ্ন সৃষ্টি করেছেন;

৩। যেহেতু, উক্ত আদেশসমূহ বারবার অমান্য করে কোনোরূপ যোগাযোগ ব্যতিরেকে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে সরকারি কাজে বিঘ্ন সৃষ্টি করায় এ অধিদপ্তরের ২১ জুন ২০২২ তারিখে ২৩.০৯.০০০০.১২৭. ৩৫.০৭০.১৪.৩৮৪০ সংখ্যক পত্রের মাধ্যমে ১০(দশ) কর্মদিবসের মধ্যে কারণ দর্শানোর নোটিশ আপনার ব্যক্তিগত ই-মেইল babuaziz86@gmail.com এবং ডাকযোগে রেজিঃ/এডি করে স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলেও উহার জবাব প্রদান না করে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

৪। যেহেতু, ১ম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগার, রাজশাহী কার্যালয়ে কর্মরত থাকাকালীন আপনি তৎকালীন রাজশাহী কার্যালয়ের ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগসাজসে গাছের ডাল ছাটাই-এর অজুহাতে ৭(সাত)টি মূলগাছসহ বিভিন্ন গাছের মোটা ডাল অবৈধভাবে কেটে বিক্রি করত সরকারি অর্থ আত্মসাতে সহযোগিতা করেছিলেন; ১ম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগার, রাজশাহী কার্যালয়ে নিয়মিত অফিসের দায়িত্ব পালন না করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ব্যক্তিগতভাবে 'Vector Physics' নামে কোচিং সেন্টার পরিচালনা করেন; অগ্রণী ব্যাংক লিঃ, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী শাখা থেকে ২৩-০৪-২০১৭ তারিখে টাঃ ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) পার্সোনাল লোন গ্রহণ করে ৩১-০৩-২০২২ তারিখ পর্যন্ত টাঃ ১,৪১,৭৪৩/৬৫ বকেয়া রয়েছে, যা পরিশোধ না করায় ব্যাংক কর্তৃপক্ষ ঋণ আদায়ে আবহাওয়া অধিদপ্তরের সাহায্য চেয়েছে, এতে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ভাবমূর্তি চরমভাবে ক্ষুন্ন করেছেন;

৫। যেহেতু, উল্লিখিত অভিযোগের ভিত্তিতে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) বিধিমতে যথাক্রমে ''অসদাচরণ'' (Misconduct) ও ''পলায়ন'' (Desertion) এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ২১ জুলাই ২০২২ তারিখের ২৩.০৯.০০০০.১২৭.৩৫.০৭০.১৪.৪৫৭৪ সংখ্যক স্মারকের মাধ্যমে অভিযোনামা ও অভিযোগ বিবরণী প্রণয়নপূর্বক আপনার নিকট প্রেরণ করা হয়;

৬। যেহেতু, আপনি ১৪-০৮-২০২২ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানি গ্রহণে আগ্রহ প্রকাশ করেন; সে প্রেক্ষিতে ১৮-০৯-২০২২ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; ব্যক্তিগত শুনানি সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বর্ণিত বিভাগীয় মামলায় গুরুদন্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় ন্যায়বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য ৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

৭। যেহেতু, তদন্ত কমিটি আপনার বিরুদ্ধে আনীত অভিযোগে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত, কর্তৃপক্ষের আদেশ অমান্য এবং সরকারি দায়িত্ব পালনে অবহেলা বিষয়গুলোর তথ্য প্রমাণ থাকায় এবং কমিটির নিকট অপরাধের বিষয়গুলো স্বীকার করায় উক্ত অভিযোগের সাথে পরোক্ষভাবে জড়িত থাকার বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত কমিটি উল্লেখ করে এবং সরকার পক্ষও আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) উপবিধি মোতাবেক 'অসদাচরণ' (Misconduct)-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ করতে সমর্থ হয়;

৮। যেহেতু, নথি পর্যালোচনা এবং তদন্ত প্রতিবেদনের প্রদত্ত মতামতের আলোকে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) উপবিধি মোতাবেক 'অসদাচরণ' (Misconduct)-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এই অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(গ) বিধি মতে চাকরি হতে অপসারণ (Terminate) বা বিধিতে বর্ণিত অন্য কোনো গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করে বিধিমালা ৭(৯) অনুযায়ী নোটিশ প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়;

৯। যেহেতু, অভিযুক্ত কর্মচারী ২৫-০৯-২০২৩ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন; জবাবে অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করায় ভবিষ্যতে এ ধরনের কোনো কার্যকলাপে জড়িত থাকবেনা ও কর্তৃপক্ষের আদেশ যথাযথভাবে পালন করার অঙ্গীকার এবং তদন্ত কমিটির নিকট দোষ স্বীকার করায়, তদন্ত কমিটির প্রদত্ত তদন্ত প্রতিবেদনের মতামতে নথি পর্যালোচনায় আনীত ''অসদাচরণ'' (Misconduct) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি অনুসারে তাঁকে '০১(এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা' নামীয় লঘুদন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

১০। সেহেতু, জনাব মুঃ তারেক আজিজ, সহকারী, নির্ভরশীল আবহাওয়া কার্যালয়, কক্সবাজার এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় ''অসদাচরণ'' (Misconduct) এর অভিযোগ প্রমানিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৪(২)(খ) বিধি মোতাবেক তাঁকে '০১(এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা' নামীয় লঘুদন্ড প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না। একই সাথে কর্তৃপক্ষের বিনানুমতিতে ১৭-০১-২০২২ হতে ৩০-০৭-২০২২ তারিখ পর্যন্ত ৬(ছয়) মাস ১৪(চৌদ্দ) দিন কর্মস্থলে অনুপস্থিতকালকে ১৭-০১-২০২২ হতে ১৭-০৬-২০২২ তারিখ পর্যন্ত ৫(পাঁচ) মাস ১(এক) দিন গড় বেতনে এবং ১৮-০৬-২০২২ হতে ৩০-০৭-২০২২ তারিখ পর্যন্ত ১(এক) মাস ১৩(তেরো) দিন অর্ধগড় বেতনে ছুটি হিসেবে গণ্য হবে।

১১। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-
(মোঃ আজিজুর রহমান)
পরিচালক
ফোন: ৪১০২৫৭০৫

নম্বর- ২৩.০৯.০০০০.১২৭.৩৫.০৭০.১৪. ৮০৬২

তারিখ: ০৩ কার্তিক ১৪৩০ / ১৯ অক্টোবর ২০২৩

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রতিরক্ষা মন্ত্রণালয়, এইচবিএফসি ভবন, ২২ পুরানা পল্টন, ঢাকা- ১০০০।
২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কক্সবাজার।
৩। উপপরিচালক, আবহাওয়া ও ভূ-প্রাকৃতিক কেন্দ্র, চট্টগ্রাম/উপপরিচালক, ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নির্ভরশীল আবহাওয়া কার্যালয়, কক্সবাজার (জনাব মুঃ তারেক আজিজ, সহকারী-এর বিভাগীয় মামলায় শাস্তির বিষয়টি তাঁর কৃত্যক বহিতে লিপিবদ্ধের অনুরোধসহ)।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ১ম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগার, রাজশাহী।
৬। ডি এস মহাশাখা, সদর দপ্তর, ঢাকা।
৭। জনাব এস.এম. কামরুল হাসান, আবহাওয়াবিদ, ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। **বর্তমান কর্মস্থল:** জনাব মুঃ তারেক আজিজ, সহকারী, নির্ভরশীল আবহাওয়া কার্যালয়, কক্সবাজার।
৯। **স্থায়ী ঠিকানা:** জনাব মুঃ তারেক আজিজ, সহকারী, পিতা- মুঃ কাজেম আলী, গ্রাম- চিনিয়াতলা, ডাকঘর- রহনপুর, উপজেলা- গোমস্তাপুর, জেলা- চাঁপাইনবাবগঞ্জ।
ই-মেইল: babuaziz86@gmail.com

১৯/১০/২৩
(মোঃ আজিজুর রহমান)
পরিচালক